



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

আগস্ট-২০২৩ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমে সভার কার্যবিবরণী:

সভাপতি : প্রকৌ. মোঃ ফারুক হোসেন
মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার
তারিখ : ২০ আগস্ট ২০২৩
সময় : দুপুর ০২:৩০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, এসজিএফএল।
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

কোম্পানীর কাজের গতিশীলতা, গুণগত পরিবর্তন ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর বাৎসরিক ইনোভেটিভ কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্তে এসজিএফএল অফিস আদেশ নম্বর: ২৮.২০.৯১৫৩.৪৫৩.০১.০০৮.২১.৮ তারিখ: ১৩ জুন ২০২২ এর আলোকে গঠিত কোম্পানির ইনোভেশন টিমের ২য় সভা ২০-০৮-২০২৩ তারিখ দুপুর ০২:৩০ ঘটিকায় প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোম্পানির মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব), মহাব্যবস্থাপক (এলপিএম), মহাব্যবস্থাপক (অপারেশন), সকল ফিল্ড/স্থাপনা প্রধানগণ ও ইনোভেশন টিমের সদস্যগণ উপস্থিত ছিলেন। সভায় মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার সভাপতিত্ব করেন। সভায় উপস্থিতির একটি তালিকা পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত করা হলো।

সভাপতি উপস্থিত মহাব্যবস্থাপক (এলপিএম), মহাব্যবস্থাপক (অপারেশন), ফিল্ড/স্থাপনা প্রধান এবং ইনোভেশন টিমের সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ব্যবস্থাপক (এমএম-সিএফপি) জনাব প্রকৌ. রতন কান্তি নাথ-কে আলোচনার আহ্বান জানানো হয়। শুরুতে সদস্য-সচিব ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার উপস্থাপন করেন এবং যথাসময়ে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আরোও জানান যে, ২৩-০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটি সভার সিদ্ধান্ত অনুযায়ী আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের লক্ষ্যে ফিল্ড/স্থাপনা হতে ইনোভেটিভ আইডিয়া সংগ্রহ করা হয়েছে। ফিল্ড/স্থাপনা হতে প্রাপ্ত আইডিয়াসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয়েছে। উক্ত সভায় সকলে আইডিয়াসমূহের উপর আলোচনায় অংশগ্রহণ করেন।

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৩.১.১ আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের লক্ষ্যে ফিল্ড/স্থাপনা হতে প্রাপ্ত আইডিয়াসমূহের উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনা ও পর্যালোচনাপূর্বক ফিল্ড/স্থাপনা হতে প্রাপ্ত আইডিয়াসমূহ মার্চ ২০২৪ এর মধ্যে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ফিল্ড/স্থাপনার নাম	২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নের জন্য গৃহীত আইডিয়াসমূহ
হরিপুর গ্যাস ফিল্ড	সিলেট-৩ নং কুপ এলাকায় সৌর বিদ্যুৎ স্থাপন করা।
কৈলাশটিলা গ্যাস ফিল্ড	কৈলাশটিলা গ্যাস ফিল্ডের কন্ট্রোলরুমে ডিজিটাল রেকর্ডার ব্যবহার করা।
কৈলাশটিলা এমএসটিই প্লান্ট	এমএসটিই প্লান্টে স্টোরের মালামালের জন্য ইনভেন্টরি সফটওয়্যার তৈরিকরণ এবং উক্ত সফটওয়্যারে বারকোড ও অপটিক্যাল মার্ক রিডার ব্যবহার করা।
বিয়ানীবাজার গ্যাস ফিল্ড	বিয়ানীবাজার গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্টের কন্ট্রোলরুম হতে ২নং কুপের



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

	FWHP (Flowing Well Head Pressure) পর্যবেক্ষণের ব্যবস্থা করা।
রশিদপুর গ্যাস ফিল্ড	রশিদপুর গ্যাস ফিল্ডের ৪৫ এমএমএসসিএফডি প্রসেস প্লান্টে ব্যাকআপ পাওয়ারের জন্য অনলাইন ইউপিএস স্থাপন করা।
রশিদপুর কনডেনসেট ফ্র্যাকশনেশন প্লান্ট	প্রসেস প্লান্টে ব্যবহারের জন্য আয়রন মুক্ত পানি সরবরাহের লক্ষ্যে আয়রন রিমুভাল ইউনিট স্থাপন।
৪০০০ বিপিডি কনডেনসেট ফ্র্যাকশনেশন প্লান্ট	তৈল সরবরাহের আদেশ অনলাইন সফটওয়্যারের মাধ্যমে গ্রহণ ও ডেসপাস প্রক্রিয়া সম্পন্নকরণ।
৩০০০ বিপিডি ক্যাটালাইটিক রিফরমিং ইউনিট	ফায়ার ওয়াটার এর পানির আয়রন ও অন্যান্য খনিজ পদার্থ দূরীকরণ।

এছাড়া ই-নথির ব্যবহার বৃদ্ধি এবং আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ করা জন্য নিয়মিত তথ্য প্রেরণে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি ইনোভেশন কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়নের সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রকৌ. মোঃ ফারুক হোসেন

মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, এসজিএফএল।

বিতরণ:

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (এলপিএম/অপারেশন), এসজিএফএল।
- ফিল্ড/স্থাপনা প্রধান, এসজিএফএল।
- ফোকাল পয়েন্ট অফিসার, এপিএ টিম, এসজিএফএল।
- ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, এসজিএফএল।



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

সভার উপস্থিতি:

স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, এসজিএফএল।
তারিখ : ২৩ জুলাই ২০২৩
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
সভাপতি : প্রকৌ. মোঃ ফারুক হোসেন, মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার।

ক্র. নং	নাম ও পদবি	স্বাক্ষর
১.	প্রকৌ. মোঃ ফারুক হোসেন, মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার	
২.	প্রকৌ. সূর্য্যপ কুমার বিশ্বাস, GM(LPM)	
৩.	প্রকৌ. আব্দুল জামিল প্রামাণিক, GM(GPS)	
৪.	প্রকৌ. মোহাম্মদ আব্দুল হুসেইন (সিইও), DAM (RCF)	
৫.	প্রকৌ. মোহাম্মদ আনোয়ার কবির, DGM (RCF)	
৬.	প্রকৌ. মোহাম্মদ হাবিবুল আলম, DGM (RCF)	
৭.	প্রকৌ. মোঃ কাওছুর ইয়াসিন, Manager (Plant Op)	
৮.	প্রকৌ. ফারহানা নাভীন, Manager (MIS & Reporting)	
৯.	প্রকৌ. মোঃ মিতাহুর রহমান, ব্যবস্থাপক (কারিগরি)	
১০.	প্রকৌ. পল্লব কুমার দত্ত, ডপা-ব্যবস্থাপক	
১১.	মোঃ আব্দুল হাদি, DGM (CA)	
১২.	মোঃ ওয়াদুদ হুসেইন, প্রধান প্রকৌ. (কারিগরি)	
১৩.	মোঃ জামান হুসেইন সিদ্দিকী, DGM (MS TE)	
১৪.	মোঃ জাহাঙ্গীর আমরুল জামান, M(L&D)	
১৫.	প্রকৌ. রতন কান্তি, DGM, M (MM-CP) MS	
১৬.		
১৭.		